



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

পরিকল্পনা বিভাগ

www.badc.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২২ হতে ডিসেম্বর ২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব এ এফ এম হায়াতুল্লাহ, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।
তারিখ ও সময়	:	১১ ডিসেম্বর ২০২২, দুপুর ০২:০০ ঘটিকা।
স্থান	:	Zoom Cloud Platform (Online Meeting)।
সভায় সংযুক্ত	:	বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানগণ, বিভাগীয় নৈতিকতা কমিটির আহ্বায়কগণ।

সভায় Zoom Cloud Platform (Online Meeting) এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচি-১ অনুযায়ী বিগত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রধান, পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব) ও বিএডিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ আবুল কালাম আজাদ সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি-২ অনুযায়ী বিগত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও ২য় কোয়ার্টারের অগ্রগতি ধারাবাহিকভাবে আলোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	নৈতিকতা কমিটির সভা আয়োজন	সভাকে অবহিত করা হয় যে, ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির সভা গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয় এবং ২য় কোয়ার্টারের সভা ১১ ডিসেম্বর ২০২২ তারিখ নির্ধারিত সময়ের মধ্যে অনুষ্ঠিত হয়।	প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির সভা কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিকল্পনা বিভাগ, বিএডিসি।
২.২	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভায় আলোচনা হয় যে, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হয়েছে এবং ২০২২-২৩ অর্থ বছরের সভায় যেসকল সিদ্ধান্ত গৃহীত হবে সেসকল সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও অধিক সচেতন ও প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।
২.৩	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম কোয়ার্টারের সভা গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয় এবং ২য় কোয়ার্টারের সভা নির্ধারিত সময়ের মধ্যে ১১ ডিসেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে কর্মপরিকল্পনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও পরিকল্পনা বিভাগ, বিএডিসি।
২.৪	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সভাকে অবহিত করা হয় যে, ২৩ অক্টোবর, ২০২২ তারিখ কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক সংস্থায় কর্মরত গ্রেড ০২ হতে গ্রেড ২০ পর্যন্ত সর্বমোট কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যার অর্ধেক সংখ্যক	শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী যথাসময়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত	নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি এবং বিএডিসি'র মাঠপর্যায়ের ০৮(আট)টি

ক্রমং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		কর্মকর্তা/কর্মচারীদেরকে ২০২২-২৩ অর্থ বছরের ০৪টি প্রান্তিকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে বিএডিসি'র আঞ্চলিক পর্যায়ের ০৮টি নৈতিকতা কমিটির অধীনে প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত নোটিশ, হাজিরা ও ছবি প্রমাণক হিসেবে প্রতি প্রান্তিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রতিবেদন (প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত নোটিশ, হাজিরা ও ছবিসহ) প্রতিপ্রান্তিকের শেষ কর্মদিবসে পরিকল্পনা বিভাগে প্রেরণ (সফট কপি: badc.planningdiv@g mail.com) নিশ্চিত করতে হবে।	বিভাগীয় নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএডিসি।
২.৫	কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ, *পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, *মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা)	কর্ম-পরিবেশ উন্নয়ন টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য করণীয় সম্পর্কে সভায় আলোচনা হয়। সভায় সকল ওয়াশরুম পরিচ্ছন্ন ও শুষ্ক রাখার বিষয়ে সকলকে সচেতন করার জন্য সময়ে সময়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা জন্য নির্দেশনা প্রদান করা হয়। ১ম প্রান্তিকে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ সংক্রান্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বশেষ অগ্রগতি ২য় প্রান্তিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নিতে হবে, ১ম প্রান্তিকে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ সংক্রান্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সর্বশেষ অগ্রগতি ২য় প্রান্তিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ/ নির্মাণ বিভাগ ও সকল বিভাগীয় প্রধান
২.৬	বিএডিসি'র আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	সভাকে অবহিত করা হয় যে, ২০২২-২৩ অর্থ বছরের বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১ম প্রান্তিকের অগ্রগতির ওপর ডিসেম্বর/২২ এর মধ্যে ফিডব্যাক সভা আয়োজন করা হবে। সভাকে আরও অবহিত করা হয় যে, আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় হতে প্রেরিত অগ্রগতি প্রতিবেদনের সাথে যথাযথ প্রমাণক প্রেরণ করা হয়। সভাপতি বিএডিসি'র মাঠপর্যায়ের ০৮(আট)টি বিভাগীয় নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের কে যথাযথ প্রমাণকসহ (প্রযোজ্য ক্ষেত্রে প্রতিবেদন, কার্যবিবরণী, ছবি) প্রতি প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ের ০৮(আট)টি বিভাগীয় নৈতিকতা কমিটি কর্তৃক প্রমাণকসহ (প্রযোজ্য ক্ষেত্রে প্রতিবেদন, কার্যবিবরণী, ছবি) প্রতি প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর প্রতি প্রান্তিকে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।	বিএডিসি'র মাঠপর্যায়ের ০৮(আট)টি বিভাগীয় নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএডিসি।
২.৭	২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (উন্নয়ন ও রাজস্বখাতে) ওয়েবসাইটে প্রকাশ	২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনাসহ) বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসমূহ আপলোড করা হচ্ছে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক ক্রয় কার্যক্রম সম্পাদন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	বিএডিসি'র উন্নয়ন ও রাজস্ব খাতের সকল অনুমোদিত ক্রয় পরিকল্পনা বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	সকল উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।
২.৮	২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন	মন্ত্রণালয়ের অনুষ্ঠিত ফিডব্যাক সভার নির্দেশনা ও বিএডিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং এতদসংক্রান্ত অগ্রগতি প্রতিপ্রান্তিকে যথাযথ সময়ের মধ্যে বিএডিসি শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট	২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করে প্রতি প্রান্তিকের প্রতিবেদন সকল	সকল উইং/বিভাগীয় প্রধান, বিএডিসি।


ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। সভাকে অবহিত করা হয় যে, বিএডিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার বাস্তবায়নে ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা ১৫%, ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৩৫%, ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৬০% এবং ৪র্থ প্রান্তিকে ৯৯%।	বিভাগ/দপ্তর/প্রকল্প দপ্তর হতে বিএডিসি'র পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	
২.৯	বাজেট বাস্তবায়ন	বিএডিসি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের বাস্তবায়নে ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা ১৫%, ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৩৫%, ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৬০% এবং ৪র্থ প্রান্তিকে ৯৯%। বাজেট বাস্তবায়নে অর্জন ৮৫% এর কম হলে কোন নম্বর পাওয়া যাবে না মর্মে নির্দেশনা রয়েছে।	২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রান্তিকের অর্জন সংক্রান্ত প্রতিবেদন প্রান্তিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	মহাব্যবস্থাপক (অর্থ) এবং সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ও সকল প্রকল্প পরিচালক
২.১০	প্রকল্পের PIC সভা আয়োজন	বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন করা হয়েছে এবং ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৪টি প্রকল্পের সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করা হবে।	কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন সম্পন্ন করতে হবে।	পরিকল্পনা বিভাগ, বিএডিসি এবং প্রকল্প পরিচালক, বিএডিসি।
২.১১	বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	সভাকে অবহিত করা হয় যে, বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রয়েছে। এ বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করার জন্য প্রতি মাসে সভা অনুষ্ঠিত হয়।	নিষ্পন্ন।	
২.১২	প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা	২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত ০৬(ছয়)টি প্রকল্প সমাপ্ত হয় এবং উক্ত প্রকল্পসমূহের পরিচালকগণ বরাবর প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সমাপ্ত প্রকল্পসমূহের সম্পদ হস্তান্তর (বরাদ্দ/পুনঃবরাদ্দ) সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সাধারণ পরিচর্যা বিভাগ সভাকে অবহিত করতে পারেন। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ৬০ কর্মদিবসের মধ্যে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরের নির্দেশনা রয়েছে।	২০২১-২২ অর্থ বছরে সমাপ্ত ০৬টি সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর সংক্রান্ত প্রতিবেদন সাধারণ পরিচর্যা বিভাগ হতে পরিকল্পনা বিভাগে সুনির্দিষ্ট তারিখ ও প্রমাণকসহ প্রেরণ করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ বিএডিসি।
২.১৩	দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ	নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয় যে, ২০২১-২২ অর্থ বছরে দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং বাজেটপ্রাপ্তি অনুযায়ী চলতি ২০২২-২৩ অর্থবছরেও এ বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হবে।	কর্মপরিকল্পনা অনুযায়ী দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি।
২.১৪	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও মনিটরিং	সভায় নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদ অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এ বিষয়ে অগ্রগতি প্রতি প্রান্তিকের সভায় উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ হালনাগাদ করে এ বিষয়ে সর্বশেষ অগ্রগতি প্রতি প্রান্তিকের সভায় উপস্থাপন করতে হবে।	সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি।

৫

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১৫	বিএডিসি'র মাঠ পর্যায়ের ০৮ (আট) টি বিভাগীয় নৈতিকতা কমিটিকে প্রশিক্ষণ ও পুরস্কার খাতে বাজেট বরাদ্দ প্রদান।	সভাকে অবহিত করা হয় যে, গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ অনুষ্ঠিত সভায় মহাব্যবস্থাপক অর্থ সভাকে অবহিত করেন যে, এই খাতে চলতি অর্থ বছরে ০২(দুই) লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। মাঠপর্যায়ের চাহিদা পাওয়া গেলে এ বিষয়ে বরাদ্দ বৃদ্ধি করা যেতে। সংশোধিত ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রস্তাব অনুমোদন সংক্রান্ত সভায় এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র মাঠ পর্যায়ের ০৮ (আট) টি বিভাগীয় নৈতিকতা কমিটির চাহিদা মোতাবেক মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনায় নির্ধারিত প্রশিক্ষণ ও পুরস্কার খাতে বাজেট বরাদ্দ প্রদানের বিষয়ে সংশোধিত ২০২২-২৩ অর্থ বছরের বাজেট প্রস্তাব অনুমোদন সংক্রান্ত সভায় সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।	অর্থ বিভাগ/ নিয়োগ ও কল্যাণ বিভাগ, বিএডিসি।
২.১৬	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	২৩ অক্টোবর, ২০২২ তারিখ কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভায় সিদ্ধান্ত হয় যে, যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তীরা সংস্থার গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়নপত্র সভাপতি, নৈতিকতা কমিটি ও চেয়ারম্যান, বিএডিসি বরাবর দাখিল করবেন এবং সাধারণ পরিচর্যা বিভাগ বিষয়টি সমন্বয় করবেন। সভাপতি, নৈতিকতা কমিটি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র অর্থ বছর শেষে শুদ্ধাচার কর্মপরিকল্পনার চূড়ান্ত প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে দাখিল করা হবে।	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত প্রতিস্বাক্ষরিত প্রত্যয়নপত্র অর্থ বছর শেষে শুদ্ধাচার কর্মপরিকল্পনার চূড়ান্ত প্রতিবেদনের সাথে প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।	সকল উইং/বিভাগীয় প্রধান এবং সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি।
২.১৭	মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত বীজ ডিলারদের লাইসেন্স বিতরণে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়ন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.২ এ উল্লিখিত বিষয়টি এপিএ এর তথ্য অধিকার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকায় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ফিডব্যাক সভার নির্দেশনা অনুযায়ী বর্ণিত সূচকের পরিবর্তে 'মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত বীজ ডিলারদের লাইসেন্স বিতরণে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়ন' শীর্ষক কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য ০১টি টিম গঠনপূর্বক নিবন্ধনপ্রাপ্ত বীজ ডিলারদের লাইসেন্স বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হবে এবং পরিদর্শন প্রতিবেদন মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে।	মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধনপ্রাপ্ত বীজ ডিলারদের লাইসেন্স বিতরণে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়ন সংক্রান্ত ০১টি পরিদর্শন টিম গঠন করতে হবে। উক্ত টিম ৩য় ও ৪র্থ প্রান্তিকে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন।	পরিকল্পনা/বীজ বিতরণ বিভাগ, বিএডিসি।
২.১৮	অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে গঠিত কমিটি কর্তৃক পরিবীক্ষণ ও পরিদর্শন	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.৩ অনুযায়ী প্রধান প্রকৌশলী (নির্মাণ) কর্তৃক অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে কমিটি গঠন করে পরিবীক্ষণ করার জন্য নির্দেশনা রয়েছে। উক্ত কমিটি কর্তৃক প্রণীত ১ম প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। ২য় প্রান্তিকের পরিদর্শন বিষয়ে অগ্রগতি ২৫/১২/২০২২ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	শুদ্ধাচার অনুযায়ী প্রতি প্রান্তিকে অফিসের সরকারি সম্পদ (পানি, বিদ্যুৎ) অপ্রয়োজনীয় ব্যবহার প্রতিরোধে গঠিত কমিটির পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং প্রতি প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	নির্মাণ বিভাগ, বিএডিসি।
২.১৯	বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন	বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা বিভাগের স্মারক নং ১২.০৬.০০০০.২১৮.১৪.০০৩.১৮-১৩৬; তারিখ: ১৬ আগস্ট ২০২২ অনুযায়ী তিন সদস্য বিশিষ্ট একটি পরিদর্শন টিম গঠন করা	বিএডিসি'র উদ্যান উন্নয়ন কার্যক্রম পরিদর্শনপূর্বক পরিদর্শন টিমকে প্রতি প্রান্তিকে ০১ (এক)টি করে চলতি অর্থ বছরে মোট	সংশ্লিষ্ট টিম ও উদ্যান উন্নয়ন বিভাগ, বিএডিসি।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হয়েছে। পরিদর্শন টিম প্রতি প্রান্তিকে ১টি করে চলতি অর্থ বছরে মোট ০৫টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন মর্মে নির্দেশনা রয়েছে। বর্ণিত কমিটি কর্তৃক ২৯ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক ১ম প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়েছে। ২য় প্রান্তিকের পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে দাখিল করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	০৫টি পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।	

পরিশেষে বিবিধ আলোচ্যসূচি-৩ অনুযায়ী আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ এফ এম হায়াতুল্লাহ)
 চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি
 ও
 সভাপতি
 জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
 সম্পর্কিত নৈতিকতা কমিটি।